

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০১৮/২৩০২/৬

তারিখ : ২৩/০৬/২০১৯ খ্রি.


বিষয়: গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন সুন্দরগঞ্জ ডিগ্রী মহিলা মহাবিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী
অধ্যাপক জনাব অশোক কুমার সরকার এর বিরুদ্ধে মামলা পরিচালনা।

সূত্র: কলেজের পত্র স্মারক নং-সুমম/পাই/২০১৯/০০৬, তারিখ: ১৯/০১/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন সুন্দরগঞ্জ ডিগ্রী মহিলা মহাবিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জনাব অশোক কুমার সরকার (ইনডেক্স নং-৪২৩২২৪) এর বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য মহামান্য আদালত আদেশ জারি করেন। তাঁর বিরুদ্ধে দায়েরকৃত নারী ও শিশু মামলা নং ২২৫/১৭ মামলায় বিজ্ঞ আদালত তাঁকে খালাস প্রদান করেন। অক্টোবর/১৬ হতে এপ্রিল/২০১৭ পর্যন্ত পূর্ণ এবং মে/২০১৭ হতে জুলাই/২০১৮ পর্যন্ত ৫০% হিসেবে বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আইন শাখার মতামত: মামলার কারণে কলেজ কর্তৃপক্ষ জনাব অশোক কুমার সরকারকে সাময়িক বরখাস্ত করেন। সাময়িক বরখাস্তকালীন সময়ের ৫০% হারে বকেয়া অনুত্তোলিত বেতনের দাবী করে জনাব অশোক কুমার সরকার সহকারী অধ্যাপক জজ আদালত, সুন্দরগঞ্জ, গাইবান্ধাই দেওয়ানী মোকদ্দমা নং ২২/২০১৭ অন্য দায়ের করেন। উক্ত দেওয়ানী মামলায় মাননীয় আদালত মূল মোকদ্দমা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সমুদয় বকেয়া প্রদানের বিষয়ে নিষেধাজ্ঞা জারি করেন। উক্ত আদেশের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষ মিস আপিল নং-৩১/১৭ দায়ের করেন। উক্ত আপিল না মুঞ্জুর হয়। যেহেতু মোকদ্দমা নং-২২/২০১৭ এখনও নিষ্পত্তি হয়নি সেহেতু এখন বকেয়া বেতন প্রদান করা সঠিক হবে না। উক্ত মামলায় কলেজ কর্তৃপক্ষকে (অধ্যক্ষ) প্রতিদ্বন্দিতা করার জন্য পত্র দেয়া যেতে পারে।

এমতাবস্থায়, আইন শাখার নির্দেশনা মোতাবেক মামলায় প্রতিদ্বন্দিতা করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক(কলেজ-২)
ফোন নং- ৯৫৫৭৬৯১

ই-মেইল: ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ

সুন্দরগঞ্জ ডিগ্রী মহিলা মহাবিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সুন্দরগঞ্জ ডিগ্রী মহিলা মহাবিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৪। জনাব অশোক কুমার সরকার, সহকারী অধ্যাপক, সুন্দরগঞ্জ ডিগ্রী মহিলা মহাবিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৬। সংরক্ষণ নথি।